

শেখ হাসিনার মমতা
বয়স্কদের জন্য নিয়মিত ভাতা

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমাজসেবা অধিদফতর
সামাজিক নিরাপত্তা অধিশাখা
আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা।
www.dss.gov.bd



নম্বর- ৪১.০১.০০০০.০৫০.০২.০০৭.২০. ০৪

তারিখঃ ২৭ পৌষ ১৪২৮
২১ জানুয়ারি ২০২২

বিষয়: হিজড়া, বেদে ও অনগ্রসর জনগোষ্ঠীর জীবনমান উন্নয়ন কার্যক্রমের বিশেষ ভাতা, শিক্ষা উপবৃত্তি এবং চা-শ্রমিকদের জীবনমান উন্নয়ন কার্যক্রমের নগদ সহায়তা জিটুপি পদ্ধতিতে প্রেরণ।

সূত্র: ক) অর্থ মন্ত্রণালয়ের পত্র নম্বর-০৭.০০.০০০০.১০৯.২০.০০২.২০-৭৭ তারিখ-২৪ মে ২০২১

খ) সমাজকল্যাণ মন্ত্রণালয়ের পত্র নম্বর- ৪১.০০.০০০০.০৪৩.০২.০০৭.১৭ (অংশ-১).৩৫০ তারিখ-২৮ ডিসেম্বর ২০২১

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সরকারের বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগের মাধ্যমে পরিচালিত সামাজিক নিরাপত্তা কর্মসূচির সকল নগদ সহায়তা সূত্রস্থ ১ নং পত্রের আলোকে আগামী ৩০ জুন ২০২২ এর মধ্যে Government to Person (G2P) পদ্ধতিতে প্রদানের জন্য বাধ্যবাধকতা রয়েছে। সেপ্রেক্ষিতে বয়স্ক ভাতা, বিধবা ও স্বামী নিগৃহীতা মহিলা ভাতা, প্রতিবন্ধী ভাতা ও প্রতিবন্ধী শিক্ষা উপবৃত্তি কার্যক্রমসমূহ মাঠপর্যায়ে যে সকল এলাকায় নগদ, বিকাশ ও এজেন্ট ব্যাংকিং এর মাধ্যমে বাস্তবায়িত হচ্ছে, সেসকল এলাকায় অনুরূপ আর্থিক প্রতিষ্ঠানের মাধ্যমে হিজড়া, বেদে ও অনগ্রসর জনগোষ্ঠীর বিশেষ ভাতা, শিক্ষা উপবৃত্তি এবং চা-শ্রমিকদের নগদ সহায়তা জিটুপি পদ্ধতিতে বাস্তবায়নের জন্য সমাজকল্যাণ মন্ত্রণালয়ের সূত্রস্থ ২ নং পত্রমূলে নির্দেশনা রয়েছে। বর্ণিত সিদ্ধান্ত বাস্তবায়নে নিম্নলিখিত পদক্ষেপ গ্রহণ করতে হবে:

- ১) আগামী ২৫ জানুয়ারি ২০২২ এর মধ্যে হিজড়া, বেদে ও অনগ্রসর জনগোষ্ঠীর বিশেষ ভাতা ও শিক্ষা উপবৃত্তি কার্যক্রমের সকল উপকারভোগীর তথ্য www.mis.bhata.gov.bd এ এন্ট্রি ও হিসাব খোলার ব্যবস্থা গ্রহণ করতে হবে;
- ২) ৩১ জানুয়ারি ২০২২ সময়সীমার মধ্যে বর্ণিত কার্যক্রমসমূহের বিশেষ ভাতা ও শিক্ষা উপবৃত্তি কার্যক্রমের শতভাগ পে-রোল প্রেরণ করতে হবে;
- ৩) চা-শ্রমিকদের জীবনমান উন্নয়ন কর্মসূচির আওতায় বর্তমানে যে ২৫ টি উপজেলায় এককালীন নগদ সহায়তা প্রদান কার্যক্রম বাস্তবায়িত হচ্ছে, সে উপজেলাসমূহে ৩১ জানুয়ারি ২০২২ তারিখের মধ্যে সকল উপকারভোগীর তথ্য (www.mis.bhata.gov.bd) এ এন্ট্রি নিশ্চিত করতে হবে;
- ৪) আগামী ১০ ফেব্রুয়ারি ২০২২ এর মধ্যে সংশ্লিষ্ট আর্থিক প্রতিষ্ঠানের (নগদ, বিকাশ ও এজেন্ট ব্যাংকিং) মাধ্যমে চা শ্রমিকদের জীবনমান উন্নয়ন কর্মসূচির উপকারভোগীদের শতভাগ হিসাব খোলা নিশ্চিত করতে হবে।

এমতাবস্থায়, উপরিউক্ত নির্দেশনা অনুযায়ী হিজড়া, বেদে ও অনগ্রসর জনগোষ্ঠীর বিশেষ ভাতা, শিক্ষা উপবৃত্তি এবং চা-শ্রমিকদের জীবনমান উন্নয়ন কার্যক্রমের উপকারভোগীদের ডাটা এন্ট্রি, হিসাব খোলা, ভ্যালিডেশন ও পে-রোল প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

বিষয়টি অতীব জরুরি।

সংযুক্তি: বর্ণনামতে...০.২...ফর্দ

পরিচালক

বিভাগীয় সমাজসেবা কার্যালয় (সকল)

শেখ রফিকুল ইসলাম
মহাপরিচালক

ফোন: ০২- ৫৫০০৭০২৪

ই-মেইল: dg@dss.gov.bd

বিতরণ:

কার্যার্থে: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১. আহবায়ক, জিটুপি বাস্তবায়ন সংক্রান্ত টেকনিক্যাল টিম, সমাজসেবা অধিদফতর, ঢাকা। (প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)
২. উপপরিচালক, গবেষণা, মূল্যায়ন, প্রকাশনা ও জনসংযোগ শাখা, সমাজসেবা অধিদফতর, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)
৩. উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়,
৪. উপজেলা নির্বাহী অফিসার,
৫. সমাজসেবা অফিসার, উপজেলা/শহর সমাজসেবা কার্যালয়,.....।
৬.

অবগতির জন্য: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১. চেয়ারম্যান, পার্বত্য জেলা পরিষদ (রাজামাটি/বান্দরবান/খাগড়াছড়ি)।
২. এসডিজি বিষয়ক মুখ্য সমন্বয়ক, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।
৩. সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. মাননীয় মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। (মাননীয় মন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)
৫. মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। (মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)
৬. জেলা প্রশাসক (সকল)
৭. চেয়ারম্যান, উপজেলা পরিষদ (সকল)
৮. দফতর নথি।